**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো আরও শক্তিশালী হয়েছে।**
**(২) আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে মহিলা জন সুনওয়াই নিয়ে মহিলাদের দ্বারে দ্বারে পৌঁছে যাচ্ছে রাজ্য মহিলা কমিশন।**
**(৩) পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শংকর বলেছেন, সরকার পশ্চিম এশিয়ায় উদীয়মান পরিস্থিতির উপর ঘনিষ্ঠভাবে নজর রাখছে।**
**(৪) আসন্ন এডিসি নির্বাচনের জন্য বামফ্রন্টের প্রার্থী তালিকা আজ ঘোষণা করা হয়েছে।**

**************************************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো আরও শক্তিশালী হয়েছে। আজ “সবকা সাথ সবকা বিকাশ – মানুষের আকাঙ্ক্ষা পূরণ” বিষয়ক বাজেট–পরবর্তী একটি ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, মানুষের আকাঙ্ক্ষা পূরণ করা শুধু আলোচনার বিষয় নয়; এটি বাজেটের মূল ভিত্তি এবং সরকারের অঙ্গীকার। তিনি আরও উল্লেখ করেন, দেশ প্রতিরোধমূলক ও সামগ্রিক স্বাস্থ্যব্যবস্থার লক্ষ্য নিয়ে এগিয়ে চলছে এবং অনেক জেলায় শত শত নতুন মেডিক্যাল কলেজ খোলা হচ্ছে। প্রধানমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারত যোজনা এবং আরোগ্য মন্দির–এর মাধ্যমে দেশের গ্রামাঞ্চলে স্বাস্থ্যসেবা সম্প্রসারিত করা হচ্ছে। পাশাপাশি ভারতের যোগ ও আয়ুর্বেদের ঐতিহ্য বিশ্বজুড়ে ক্রমশ জনপ্রিয়তা অর্জন করছে। সেবামূলক অর্থনীতির উত্থানের ওপর জোর দিয়ে তিনি

বলেন, বিশ্বজুড়ে সেবাপ্রদানকারীদের বাড়তে থাকা চাহিদা দেশের লক্ষ লক্ষ তরুণের জন্য নতুন দক্ষতাভিত্তিক কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে।

#######Byte-PM#######

******************************

**Mahila Jansunwai :**

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে মহিলা জন সুনওয়াই নিয়ে মহিলাদের দ্বারে দ্বারে পৌঁছে যাচ্ছে রাজ্য মহিলা কমিশন। তারই অঙ্গ হিসেবে আজ সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়েছে জেলাভিত্তিক এই কর্মসূচি। এখানে মহিলা কমিশনে আবেদনকারী জেলার অন্তর্গত বিভিন্ন মহিলাদের অভিযোগের শুনানি হয়। এতে অভিযোগকারী মহিলারা তাদের পারিবারিক সমস্যা সহ বিভিন্ন সমস্যা ও খর্ব হওয়া অধিকার সম্পর্কে সংশ্লিষ্ট কমিশন কর্তৃপক্ষ সহ উপস্থিত আইনজীবী ও আইন বিশেষজ্ঞদের অবগত করেন। আজকের এই কর্মসূচিতেই আলোচনার ভিত্তিতে প্রাথমিকভাবে সমস্যাগুলির সমাধান করার চেষ্টা করা হয়।

মহিলা জন সুনওয়াই আগামী ১৩ই মার্চ পর্যন্ত রাজ্যের সবকটি জেলায় পর্যায়ক্রমে চলবে বলে জানিয়েছেন রাজ্য মহিলা কমিশনের ভাইস-চেয়ারপার্সন মধুমিতা চৌধুরী। এদিকে, আজ গোমতী জেলাতেও অনুষ্ঠিত হয়। 'মহিলা জন সুনওয়াই' কর্মসূচি উদয়পুরে পি.আর.টি.আই হল প্রাঙ্গণে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় প্রমুখ।

রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা বলেন, এই কর্মসূচির মূল লক্ষ্য নারীদের বিভিন্ন সমস্যা ও অভিযোগ সরাসরি শোনা এবং তার দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়া। আজ এই কর্মসূচিতে উপস্থিত হয়ে গোমতী জেলার বিভিন্ন প্রান্ত থেকে বহু মহিলা পারিবারিক বিরোধ, সামাজিক সমস্যা এবং আইনি সহায়তা সংক্রান্ত নানা বিষয় তুলে ধরেন। কমিশনের

প্রতিনিধিরা তাদের বক্তব্য মনোযোগ সহকারে শোনেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

****************************

**Agriculture Natural Farming :**

ন্যাশনাল মিশন অন ন্যাচারাল ফার্মিং প্রকল্প বা জাতীয় প্রাকৃতিক কৃষি মিশন ত্রিপুরাতেও কার্যকর করা হয়েছে। এই মিশনের লক্ষ্য প্রাকৃতিক উপায়ে ও জৈব পদ্ধতিতে কৃষি ফলন বৃদ্ধি। ২০২৪ সালের নভেম্বর মাসে কেন্দ্রীয় মন্ত্রিসভায় জাতীয় প্রাকৃতিক কৃষি মিশন প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। জাতীয় প্রাকৃতিক কৃষি মিশন প্রকল্প নিয়ে আজ আগরতলার অরন্ধতিনগরে কৃষি দপ্তরের  ষ্টেট রিসোর্স সেন্টারে আয়োজিত এক আঞ্চলিক আলোচনা সভায় এই তথ্য জানানো হয়। আলোচনা সভার উদ্বোধন করেন কৃষি সচিব অপূর্ব রায়। সভায় জানানো হয়, রাজ্যের জন্য মোট ৩৪ হাজার ৬৮৭ কানি জমি প্রাকৃতিক চাষের জন্য লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরে রাজ্যে মোট ১৩,৮৭৫ জন কৃষককে এই প্রকল্পের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তাছাড়া ৭৪টি বায়ো-ইনপুট রিসোর্স সেন্টার স্থাপন এবং ২২২ জন কৃষি সখী নিয়োগের পরিকল্পনা রয়েছে।

****************************

**Transport Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগরতলায় ট্রান্সপোর্ট কমিশনারেটের নতুন অফিস সহ বিভিন্ন জেলায় নতুন জেলা পরিবহন অফিস বা ডিটিও এবং নতুন মোটর স্ট্যান্ড নির্মাণ নিয়ে আলোচনা হয়।

মন্ত্রী শ্রী চৌধুরী জানান বৈঠকে পরিবহন, পূর্ত, গ্রামোন্নয়ন এবং হাউজিং বোর্ডের উচ্চপদস্থ আধিকারিক ও সংশ্লিষ্ট নির্মাণকারী সংস্থাগুলোকে কাজের গুণগতমান বজায় রেখে দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করে কাজের 'ইউটিলাইজেশন সার্টিফিকেট' জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

*************************

**Womens Day-Saboom :**

সাব্রুমের মাইকেল মধুসুধন দত্ত কলেজের উদ্যোগে আজ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। পাওয়ার জন্য দেওয়া – এই ভাবনার উপর আলোচনা করেন কলেজের অধ্যক্ষ অনুপম গুহ, অধ্যাপিকা সঙ্গিতা রাঙ্খল, সুপ্রিয়া মগ, অধ্যাপক কমল আচার্য প্রমুখ।

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Foreign Minister :**

পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শংকর বলেছেন, সরকার পশ্চিম এশিয়ায় উদীয়মান পরিস্থিতির উপর ঘনিষ্ঠভাবে নজর রাখছে এবং কার্যকর পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলির সঙ্গে সমন্বয় সাধন করে কাজ করছে। পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে সংসদে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে সরকার নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা

নিশ্চিত করতে কাজ করছে। তিনি আরও বলেন, সরকার বিশ্বাস করে যে, আলোচনা ও কূটনীতির মাধ্যমে ঐ অঞ্চলে উত্তেজনা হ্রাসের প্রচেষ্টা অব্যাহত রাখা উচিত। তিনি জানান, ভারত সরকার ২০২৬ সালের জানুয়ারিতে ইরানে বসবাসরত ভারতীয়দের অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলার জন্য সতর্ক করেছিল এবং সেখানে বসবাসকারী নাগরিকদের ভারতীয় দূতাবাসে নিবন্ধন করতে ও সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছিল।

######Byte-S. Jaysankar#######

*****************************

**CPIM-Press Meet :**

আসন্ন এডিসি নির্বাচনের জন্য বামফ্রন্টের প্রার্থী তালিকা আজ ঘোষণা করা হয়েছে। আগরতলা সিপিআইএম সদর দপ্তরে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বামফ্রন্টের আহ্বায়ক মানিক দে ২৮টির মধ্যে ২৭টি আসনের প্রার্থী তালিকা ঘোষণা করেছেন। তাছাড়া ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রার্থী হিসাবে অমিতাভ দত্তের নাম ঘোষণা করেছেন শ্রী দে। তিনি বলেন এডিসি নির্বাচনের প্রার্থী তালিকায় কুড়িজন নতুন মুখ। মাছমারা আসনের প্রার্থীর নাম পরে ঘোষণা করা হবে। মানিক দে জানান দামছড়া–জম্পুই আসনে বারেন্দ্র রিয়াং, কাঞ্চনপুরে রমাকান্ত নাথ, করমছড়ায় সাধন চাকমা, দামছড়া–কচুছড়া আসনে বদরভুম হালাম, ছামনুতে খুশিরাম ত্রিপুরা, মনুতে রাহুল দাস, রাইমাভ্যালীতে সুমতি রঞ্জন চাকমা, গন্ডাছড়া–গঙ্গানগরে ধানছামনি রিয়াং, আশারামবাড়ী–হালহালিতে করিম দেববর্মা, কুলাই–চামপাহাওরে অতুল দেববর্মাকে প্রার্থী করা হয়েছে।

তাছাড়া তেলিয়ামুড়া–মহারানী আসনে রতন কিশোর জমাতিয়া, রামচন্দ্রঘাটে সমরেশ দেববর্মা, মান্দাই–পুলিনপুরে সূর্য দেববর্মা, জিরানিয়ায় রাধাচরণ দেববর্মা, সিমনা–তমাকারিতে অমূল্য দেববর্মা, বোধজংনগর–ওয়াকীনগরে সঙ্গীত দেববর্মা, পেকুয়ারজলা–জন্মেজয়নগরে ব্রজলাল দেববর্মা, টাকারজলা–জম্পুইজলায় বেনিলাল দেববর্মা এবং আমতলী–গোলাঘাটিতে বৃন্দা দেববর্মাকে প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে।

বাগমা আসনে অমৃত সাধন জমাতিয়া, নতুনবাজার–মালবাসায় মগেন্দ্র রিয়াং, মহারানী–চেলাগাংয়ে হারাধন জমাতিয়া, অম্পিতে পৃথ্বীরাজ কলই, বীরচন্দ্র–কলসিতে নরেন্দ্র রিয়াং, কাঠালিয়া–মির্জা–রাজাপুরে পরীক্ষিত মুড়াসিং, পূর্ব মুহুরীপুর–ভুরাতলিতে বরজং ত্রিপুরা এবং শিলাছড়ি–মনুবনকুল আসনে উচাথৈ মগকে প্রার্থী করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরীও উপস্থিত ছিলেন।

****************************

**BSF Pension Adalat :**

বর্ডার সিকিউরিটি ফোর্স অর্থাৎ বিএসএফ'এর গুয়াহাটি ফ্রন্টিয়ার আগামী ১১ই মার্চ ৬৭তম পেনশন আদালত আয়োজন করছে। এই পেনশন আদালত আসামের পাটগাঁওয়ে অবস্থিত বিএসএফের গুয়াহাটি ফ্রন্টিয়ার সদর দফতরে অনুষ্ঠিত হবে। অবসরপ্রাপ্ত বিএসএফ কর্মীদের পেনশন সংক্রান্ত অভিযোগ ও সমস্যার সরাসরি এবং স্বচ্ছ সমাধানের জন্যই এই পেনশন আদালতের ব্যবস্থা করা হয়েছে। আগামী এগার মার্চ পেনশন আদালত সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে। উত্তর–পূর্বাঞ্চলের সাতটি রাজ্যের বিএসএফ পেনশনভোগী এবং তাদের পরিবারের সদস্যদের এতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। প্রশাসনিক বিশেষজ্ঞ ও পেনশন সংক্রান্ত কর্তৃপক্ষকে একত্রে উপস্থিত রেখে দীর্ঘদিনের সমস্যা, নথিপত্র সংক্রান্ত জটিলতা এবং পেনশন প্রদানের অসঙ্গতি ইত্যাদি বিষয়গুলির সমাধান করার লক্ষ্য নিয়েছে বিএসএফ।

***************************

**Blood Donation Camp :**

অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশনের দক্ষিণ ত্রিপুরা শাখার উদ্যোগে জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির সহযোগিতায় আজ দক্ষিন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে এক স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৩০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

*************************

**National Cricket :**

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের সীমিত ওভারের ক্রিকেটের জাতীয় আসরে এলিট গ্রুপের চতুর্থ ম্যাচেও হেরে গেলো ত্রিপুরা। পুদুচেরির সিএপি মাঠে মহারাষ্ট্র ৯ উইকেটের বড় ব্যবধানে রাজ্যদলকে হারিয়ে দেয়। চার ম্যাচের সবকটিতে রাজ্য দল পরাজিত হয়।

*************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার তিনটি খেলা আজ অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় চলমান সংঘ ১ উইকেটে পোলস্টার ক্লাবকে, টি আই টি মাঠে ইউনাইটেড ফ্রেন্ডস ৬ উইকেটে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে ইউনাইটেড বি এস টি ৬ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে পরাজিত করে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************